কয়েক ঘণ্টা পরই ঢাকের বোলে মাতৃ-আরাধনা শুরু হবে রোড আইল্যান্ডে!

এই নিয়ে পর পর দু'বছর দুর্গাপুজোর আয়োজন করছে আমেরিকার বাঙালি সংগঠন 'মৈত্রী'।

আর মাত্র কয়েক ঘণ্টার অপেক্ষা! তার পরই সুদূর মার্কিন মুলুকের রোড আইল্যান্ডে শুরু হয়ে যাবে দশভুজার আরাধনা! সৌজন্য স্থানীয় প্রবাসী বাঙালিদের সংগঠন 'মৈত্রী'।

বিদেশের মাটিতে সবসময় পঞ্জিকা মেনে পুজোর নির্ঘণ্ট স্থির করা যায় না। বদলে পঞ্জিকা মতে সংশ্লিষ্ট বছর যে দিনগুলিতে দুর্গাপুজো পড়ে, তার সব থেকে কাছের কোনও একটি সপ্তাহান্তে পুজোর আয়োজন করতে হয়। না হলে সকলের পক্ষে সেই পুজোয় সামিল হওয়া সম্ভব হয় না।

এই কারণেই এ বছর মৈত্রী কর্তৃপক্ষ দু'দিনের শারদোৎসবের আয়োজন করেছে। যা শুরু হবে ২৭ সেপ্টেম্বর এবং শেষ হবে ২৮ সেপ্টেম্বর। এই নির্দিষ্ট সময়ের মধ্যেই সপ্তমী থেকে শুরু করে দশমীর মধ্যেকার সমস্ত আচার-আনুষ্ঠান পালন করতে হবে।

প্রসঙ্গত, এই নিয়ে দ্বিতীয় বছর মৈত্রী দুর্গাপুজোর আয়োজন করছে। কলকাতা বা পশ্চিমবঙ্গের মতো খোলা আকাশের নীচে দুর্গাপুজোর বন্দোবস্ত করা তাদের পক্ষে সম্ভব নয়। কিন্তু, কলকাতা বা বাংলার জেলাগুলির মতোই থিম পুজোর আয়োজন করা সম্ভব। মৈত্রী সেটাই করেছে। দ্বিতীয় বর্ষে তাদের পুজোর থিম - 'বাঙালির বারো মাসে তেরো পার্বণ'। উদ্যোক্তাদের দাবি, আমেরিকার সংশ্লিষ্ট নিউ ইংল্যান্ড এলাকায় তারাই প্রথম এ ভাবে থিম পুজোর সূচনা করল!

প্রসঙ্গত, গত বছর প্রথম বারের জন্য দু'দিনের দুর্গাপুজোর আয়োজন করেছিল এই বাঙালি সংগঠন। জাতি, ধর্ম, বর্ণ, সম্প্রদায় নির্বিশেষে অসংখ্য প্রবাসী বাঙালি ও ভারতীয় তাতে অংশগ্রহণ করেছিলেন। আমন্ত্রিতদের তালিকায় ছিলেন বলিউড তারকা রোহিত রায় এবং বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী মহিতোষ তালুকদার তাপস। এমনকী শ্রীলঙ্কা, নেপাল থেকে আমেরিকায় বসবাস করতে আসা মানুষজনও সেই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

গত বারের সেই বন্দোবস্তে সন্ধ্যারতি, ধুনুচি নাচ, ঢাক বাজানোর প্রতিযোগিতার মতো বাঙালি অনুষ্ঠান যেমন ছিল, তেমনই ছিল দেদার খাওয়া-দাওয়ার ব্যবস্থা। উদ্যোক্তাদের আশা, গত বছরের মতোই এ বারও তাঁদের এই প্রয়াস সকলের যোগদানে সামগ্রিক সাফল্য অর্জন করবে।

'আনন্দ উৎসব ২০২৫'